



নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-১০৬

তারিখ : ২৪ বৈশাখ, ১৪২৭
০৭ মে, ২০২০

বিষয় : COVID-19 (করোনা) এর প্রাদুর্ভাব চলাকালে শিল্প মন্ত্রণালয়ের অধীন এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানার কর্মপরিবেশ এবং শ্রমিক, কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে মনিটরিং কমিটি গঠন।

COVID-19 (করোনা) এর প্রাদুর্ভাব চলাকালে শিল্প মন্ত্রণালয়ের অধীন এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানাসমূহের কর্মপরিবেশ এবং কর্মরত শ্রমিক, কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা বিষয়সমূহ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি আন্তঃমন্ত্রণালয় মনিটরিং কমিটি গঠন করা হলে:

(১)	জনাব মোঃ হেলাল উদ্দিন, এনডিসি, অতিরিক্ত সচিব (বিরা ও বেসরকারি খাত), শিল্প মন্ত্রণালয়	:	আহ্বায়ক
(২)	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৩)	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৪)	স্বাস্থ্য সেবা বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৫)	বিসিআইসি, বিএসইসি, বিএসএফআইসি ও বিসিক এর পরিচালক (উৎপাদন/অপারেশন)	:	সদস্য
(৬)	এসএমই ফাউন্ডেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৭)	এফবিসিসিআই এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৮)	বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(৯)	বাংলাদেশ শিপ ব্রেকার্স এন্ড রিসাইক্লার্স এসোসিয়েশন এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(১০)	বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(১১)	বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি	:	সদস্য
(১২)	জনাব মোহাং সেলিম উদ্দিন, যুগ্ম সচিব (বিরা, বেখা ও বিসিক), শিল্প মন্ত্রণালয়	:	সদস্য সচিব

কমিটির কার্য-পরিধি :

- শিল্প মন্ত্রণালয়ের অধীন এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানাসমূহের কর্মপরিবেশ এবং কর্মরত শ্রমিক, কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা বিষয়সমূহ মনিটর করবে;
- শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানার কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে গৃহীত কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করবে, গত ২৯.০৪.২০২০ খ্রি. তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত বিধি-বিধান কঠোরভাবে মানা হয় কি-না তা যাচাই করবে এবং এ সংক্রান্ত বিদ্যমান অসংগতি/দুর্বলতা চিহ্নিত করে সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ/নির্দেশনা দিবে;
- শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানার কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকদের প্রতিষ্ঠানে অবস্থান এবং আসা-যাওয়ার সময় স্বাস্থ্য বিধি অনুযায়ী সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা করবে, গত ২৯.০৪.২০২০ খ্রি. তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত বিধি-বিধান কঠোরভাবে মানা হয় কি-না তা যাচাই করবে এবং এ বিষয়ে বিদ্যমান অসংগতি/দুর্বলতা চিহ্নিত করে সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ/নির্দেশনা দিবে;
- শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানার বিদ্যমান অন্যান্য সমস্যাবলী চিহ্নিত করে যথাযথ কর্তৃপক্ষের নজরে আনবে;
- কমিটি মাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন সচিব, শিল্প মন্ত্রণালয় এর নিকট দাখিল করবে;
- কমিটি প্রয়োজনে সরকারি/বে-সরকারি প্রতিষ্ঠান হতে সদস্য কো-অপট করতে পারবে।

০৭/০৫/২০২০

(মোঃ মাকসুদুর রহমান)

সহকারী সচিব

মোবাইল : ০১৯৭৪-৮৫৮৮০৭

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা
- ৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
- ৪। চেয়ারম্যান, বিসিআইসি, ঢাকা
- ৫। চেয়ারম্যান, বিএসইসি, ঢাকা
- ৬। চেয়ারম্যান, বিএসএফআইসি, ঢাকা
- ৭। চেয়ারম্যান, বিসিক, ঢাকা
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, ঢাকা
- ৯। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা
- ১০। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই), ঢাকা
- ১১। সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকার্স এন্ড রিসাইক্লার্স এসোসিয়েশন, চট্টগ্রাম
- ১২। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, ঢাকা
- ১৩। সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ঢাকা
- ১৪। অতিরিক্ত সচিব (বিরা ও বেসরকারি খাত), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ১৫। যুগ্ম সচিব (বিরা, বেথা ও বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

[একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের
জন্য অনুরোধ করা হলো]

অনুলিপি : সদয় অবগতির জন্য

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
- ৭। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

